

সংবাদ বিজ্ঞপ্তি

ভারতীয় ভিসা আবেদন প্রক্রিয়াকরণের অনলাইন পেমেন্ট

বাংলাদেশে ভারতীয় হাই কমিশন ভিসা আবেদন প্রক্রিয়া সহজতর ও আবেদনকারী-বান্ধব করার জন্য বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে, ভারতীয় হাই কমিশনের পক্ষে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া পরিচালিত ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রসমূহ (আইভিএসি সমূহ) ৪ অক্টোবর ২০১৭ থেকে 'ক্যাশলেস' ভিসা আবেদন ব্যবস্থা প্রবর্তন করছে। এর মানে হচ্ছে, কোন আবেদনকারী অনলাইন পেমেন্ট মোড ব্যবহার করে তার ভিসা আবেদন প্রক্রিয়াকরণ ফি পরিশোধ করতে সক্ষম হবেন। আবেদনকারীরা আবেদনপত্রটি পূরণ করে আইভিএসিতে আবেদনপত্র জমাদানের আগে অনলাইনে তার পেমেন্ট সম্পন্ন করতে পারবেন। মনে রাখবেন, অনলাইন পেমেন্ট সুবিধা শুধু বাংলাদেশী পাসপোর্টধারীদের জন্য প্রযোজ্য। মোবাইল ওয়ালেটের মাধ্যমে ভিসা আবেদন প্রক্রিয়াকরণ ফি-র বিদ্যমান পেমেন্ট মোড পুনরায় নোটিশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

২. ভিসা আবেদন প্রক্রিয়াকরণ ফি-র জন্য অনলাইন পেমেন্ট (রাতদিন ২৪ ঘন্টা) নিম্নোক্ত উপায়ে করা যাবে-

আইভিএসি ওয়েবসাইট www.ivacbd.com ভিজিট করুন, 'অনলাইন ভিসা এ্যাপলিকেশন' লিংকে ক্লিক করুন এবং ভিসা আবেদনপত্র পূরণ করুন;

তারপর পেমেন্টের জন্য 'অনলাইন এ্যাপলিকেশন ফি পেমেন্ট' লিংকে ক্লিক করুন;

আপনি পেমেন্টের বিভিন্ন মোড-ডেবিট/ ক্রেডিট কার্ড (ভিসা/মাস্টার/এমেক্স ইত্যাদি), ইন্টারনেট ব্যাংকিং, বিভিন্ন ব্যাংকের মোবাইল ওয়ালেট প্রভৃতি পাবেন। আপনার যে কোন সুলভ পেমেন্ট মোড বেছে নেবার সুযোগ আছে;

পেমেন্ট অনুমোদন করার আগে বিস্তারিত তথ্য যেমন ওয়েবফাইল নম্বর, পাসপোর্ট নম্বর প্রভৃতি চোক্ষান;

আপনার কাছে পেমেন্টের নিশ্চিতকরণ বার্তা আসবে অথবা আপনি পেমেন্ট আবেদন পাতায় পাওয়া 'চেক পেমেন্ট স্ট্যাটাস' লিংক ব্যবহার করে ওয়েবফাইল নম্বরের বিপরীতে আপনার পেমেন্ট চেক করতে পারেন;

এই প্রক্রিয়া সম্পন্ন হলে, আপনাকে আপনার পাসপোর্ট ও প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে সশরীরে যে কোন আইভিএসি-তে গিয়ে আপনার আবেদনপত্র জমা দিতে অনুরোধ করা হচ্ছে।

৩. আইভিএসি-র 'ক্যাশলেস' উদ্যোগ আইভিএসি-তে আবেদনকারীদের অপেক্ষার সময় লক্ষ্যণীয়ভাবে কমিয়ে দেবে।

আবেদনকারীদের অনলাইন ভিসা আবেদন পূরণ করে তাদের বাড়ি/অফিস/আইভিএসি-তে জমা দিতে আসার আগে সুবিধামত প্রক্রিয়াকরণ ফি জমা দিয়ে আইভিএসিসমূহে আবেদনপত্র জমা দিতে অনুরোধ করা হচ্ছে।